যুগান্তর

তারিখ ... 12 JUL 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ সম্মান ও ডিগ্রি ভর্তি নিশ্চয়নের সময় বৃদ্ধি

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-'১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান প্রফেশনাল ও ডিগ্রি (পাস) ভর্তি কার্যক্রমে যেসব কলেজ যথাসময়ে প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারেনি সেগুলোর জন্য সময় বাড়ানো হয়েছে। ওইসব কলেজ ১৩ জুলাই বিকাল ৪টা থেকে ১৬ জুলাই রাত ১২টার মধ্যে প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারবে। প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীরা ১৪ জুলাই বিকাল ৪টা থেকে ১৭ জুলাই রাত ১২টা পর্যন্ত ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপে আবেদন করতে পারবে।

এছাড়া যেসব শিক্ষার্থী ১ম/২য় মেধা তালিকায় ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধাতালিকায় স্থান পায়নি অথবা স্থান পেয়েও ভর্তি হয়নি, ভর্তি বাতিল করেছে এবং যেসব শিক্ষার্থীর প্রাথমিক আবেদন কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়েছে, সেসব শিক্ষার্থী ৩য় রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) পাওয়া যাবে।